



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
২নং কমলছড়ি ইউনিয়ন পরিষদ  
খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা

সরকারি ভাবে বিদেশে গমনেচ্ছুক মহিলা ও পুরুষ কর্মীদের  
নিবন্ধন/রেজিস্ট্রেশন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, আমেরিকা, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, ফ্রান্স সহ বিশ্বের বিভিন্ন দেশে সরকারিভাবে বিভিন্ন পেশায় বিভিন্ন পদে নিয়োগের জন্য আগ্রহী মহিলা ও পুরুষ প্রার্থীদেরকে বুয়েটের সহায়তায় ডিজিটালাইজড পদ্ধতিতে বৈদেশিক চাকুরীর জন্য নাম নিবন্ধন/রেজিস্ট্রেশন করতে আহ্বান করা যাচ্ছে। ইউএনডিপি'র কারিগরি সহায়তায় প্রধানমন্ত্রী কার্যালয়ে বাস্তবায়নাধীন একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রাম এবং স্থানীয় সরকার বিভাগ পরিচালিত দেশের সকল ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইএসসি) অফিসে কর্মীদের নিবন্ধন/রেজিস্ট্রেশন করা যাবে।

➤ মহিলা ও পুরুষ কর্মী হিসেবে বিদেশ গমনের জন্য রেজিস্ট্রেশনে আগ্রহী প্রার্থীদের নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবেঃ

১. আগ্রহী প্রার্থীদের বাংলাদেশ নাগরিক হতে হবে।
২. প্রার্থীর বয়স সীমা ১৮-৪৫ বৎসর হতে হবে।
৩. শুধুমাত্র নারী গৃহকর্মী পেশায় ২৫-৪৫ বৎসর হতে হবে। (অন্যান্য পেশার ক্ষেত্রে মহিলা প্রার্থীদের বয়স সীমা ১৮-৪৫ বৎসর)।
৪. মোবাইল নম্বর থাকতে হবে।
৫. জন্ম নিবন্ধন/ভোটার আইডি কার্ড/পাসপোর্ট। (এই তিনটি থেকে যে একটি থাকতে হবে)

➤ যে কোন দেশের জন্য প্রার্থী নিবন্ধন/রেজিস্ট্রেশন করতে পারবেন। তবে প্রার্থী তার পছন্দের পেশায় ০৭(সাত) টি দেশে নিবন্ধন/রেজিস্ট্রেশন করতে পারবেন, এর অধিক নয়।

➤ প্রার্থী তার নিজের দক্ষতা অনুযায়ী ২০০ (দুইশত) এর অধিক পেশায় নিবন্ধন/রেজিস্ট্রেশন করতে পারবে।

➤ যাদের বিশেষ কোন দক্ষতা নেই তারা সাধারণ কর্মী হিসেবে নিবন্ধন/রেজিস্ট্রেশন করতে পারবেন।

➤ ইতিমধ্যে মালেশিয়ায়, হংকং, সিঙ্গাপুর ও জর্ডানে গমনের জন্য যে সকল পুরুষ ও নারী কর্মী রেজিস্ট্রেশন করেছেন তারাও বর্তমানে অন্যান্য দেশের জন্য পছন্দ অনুযায়ী দক্ষ/আধা দক্ষ/অদক্ষ ট্রেড/পেশা ভিত্তিক রেজিস্ট্রেশন করতে পারবেন।

➤ এই রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর রেজিস্ট্রেশনভুক্ত প্রার্থীগণের বিদেশ যাওয়া শেষ না হওয়া পর্যন্ত নতুন করে রেজিস্ট্রেশনের সুযোগ থাকবে না।

➤ নিবন্ধন/রেজিস্ট্রেশন করতে যা যা প্রয়োজন হবেঃ

১. জন্ম নিবন্ধন (সতের ডিজিট হতে হবে)/ভোটার আইডি কার্ড/মেশিনরিডেবল পাসপোর্ট (এমআরপি) (এই তিনটি থেকে যে কোন একটি অবশ্যই সঙ্গে আনতে হবে)।
২. শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্র। (ফটোকপি দিতে হবে (যদি থাকে))
৩. নমিনীর নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর। (ইংরেজীতে)
৪. আপনার ঘনিষ্ঠ ও বিশ্বস্ত ০৩ (তিন) জন ব্যক্তির নাম এবং মোবাইল নম্বর। (ইংরেজীতে)
৫. দেশ ও বিদেশে কাজের অভিজ্ঞতা সনদপত্র। (যদি থাকে)
৬. আপনার উচ্চতা ও ওজন।
৭. আপনার নাম, পিতার নাম, মাতার নাম। (ইংরেজীতে)
৮. আপনার স্ত্রী/স্বামীর নাম। (ইংরেজীতে) (যদি থাকে)
৯. আপনার ছেলে/মেয়ের সংখ্যা। (যদি থাকে)
১০. আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানা (ইংরেজীতে)

➤ নিবন্ধন/রেজিস্ট্রেশনের ফিস বাবদঃ

❖ জেলা কর্মসংস্থান, জনশক্তি ও প্রশিক্ষণ ব্যুরো অফিসে সরকারী রেজিস্ট্রেশন ফি বাবদ- ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা এবং ফরম পূরণে সহায়তা করার জন্য ইউআইএসসি উদ্যোক্তাকে- ১০০/- (একশত) টাকা, সর্বমোট- ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নগদ ফি দিয়ে নিবন্ধন/রেজিস্ট্রেশন করা যাবে।

➤ নিবন্ধন/রেজিস্ট্রেশন শুরুর তারিখঃ ০৪/১০/২০১৩ইং তারিখ হইতে ১০/১০/২০১৩ইং তারিখ পর্যন্ত। (শুক্রবার/সরকারি ছুটির দিনেও নিবন্ধন করতে পারবেন)।

➤ নিবন্ধন/রেজিস্ট্রেশনের স্থানঃ ২নং কমলছড়ি ইউনিয়ন পরিষদ অস্থায়ী কার্যালয়, ২নং কমলছড়ি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র, মহিলা কলেজ রোড, অর্পনা চৌধুরী পাড়া, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

➤ নিবন্ধন/রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীগণ, ২নং কমলছড়ি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র থেকে ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ করা গেল।

বিস্তারিত জানতে এবং নিবন্ধন/রেজিস্ট্রেশনের জন্য

(সুখন তালুকদার)

সহকারী উদ্যোক্তা

২নং কমলছড়ি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র  
২নং কমলছড়ি ইউনিয়ন পরিষদ  
মহিলা কলেজ রোড, অর্পনা চৌধুরী পাড়া,  
খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি।  
মোবাইল- ০১৮৩১০৯৯৮০৪  
ই-মেইল- sukhanu@yahoo.com

(মেন্ডেলা চাকমা)

উদ্যোক্তা

২নং কমলছড়ি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র  
২নং কমলছড়ি ইউনিয়ন পরিষদ  
মহিলা কলেজ রোড, অর্পনা চৌধুরী পাড়া,  
খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি।  
মোবাইল- ০১৫৫৩১১৮৮৬২  
ই-মেইল- mandelachakma@yahoo.com